



যুক্তরাজ্যের বাংলাদেশ মিশনে হাদির ভাইয়ের নিয়োগ



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহীদ শরিফ ওসমান বিন হাদির ভাই ওমর বিন হাদিকে যুক্তরাজ্যের বার্মিংহামে অবস্থিত বাংলাদেশ সহকারী হাইকমিশনে দ্বিতীয় সচিব হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ দিয়েছে সরকার।

বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা থেকে জারি করা প্রজ্ঞাপনে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। এতে উল্লেখ করা হয়, যোগদানের তারিখ থেকে তিন বছরের জন্য তিনি এ দায়িত্ব পালন করবেন।

প্রজ্ঞাপনে আরও বলা হয়েছে, নিয়োগকালীন সময়ে ওমর বিন হাদি কোনো ধরনের ব্যবসা, পেশা কিংবা সরকারি, আধা-সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে কর্মসম্পর্ক রাখতে পারবেন না। নিয়োগের অন্যান্য শর্ত ও বিধান সংশ্লিষ্ট চুক্তিপত্রে নির্ধারিত থাকবে। জনস্বার্থ বিবেচনায় এ আদেশ জারি করা হয়েছে বলে জানানো হয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে জনস্বাস্থ্য প্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব আবুল হায়াত মো. রফিক বুধবার (১৫ জানুয়ারি) প্রজ্ঞাপনে স্বাক্ষর করেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, বর্তমানে ওই মিশনে দ্বিতীয় সচিবের নির্দিষ্ট পদ না থাকলেও জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে নিয়োগ দেওয়ার সঙ্গে সঙ্গেই সেখানে নতুন করে পদ সৃষ্টি হয়ে যায়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কূটনীতিক এ তথ্য নিশ্চিত করেছেন।